


# নিউজ লেটার

বর্ষ-০৩ ▫ সংখ্যা-০৫ ▫ মে ▫ ২০১৬

*বাংলাদেশে কৃষিখাতের উন্নয়নে যাঁরা নিরলস কাজ করে চলেছেন, আমরা সর্বদাই তাঁদের পাশে আছি। আমরা নিউজ লেটারের মাধ্যমে আমাদের কর্মকান্ড তুলে ধরার চেষ্টা করি এবং বিশ্বাস করি আমাদের এই প্রকাশনা আপনাদের কৃষি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে।*

*এই সংখ্যায় থাকছে FCM আয়োজিত Technical Seminar-2016 "Behind Performance & Profitability in Feed Mill Business"; ৬ষ্ঠ এগ্রোটেক বাংলাদেশ-২০১৬-এ চিক্স এন্ড ফিড্স লিঃ এবং তার গ্লোবাল পার্টনার FCM ও S.T.Appiani'র অংশগ্রহণ; ৬ষ্ঠ এগ্রোটেক বাংলাদেশ-২০১৬-এ FCM'র "জিতে নিন-Premio"; প্রাইম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ফিড মিল ইউনিট-২, বাংলাদেশে স্থাপিত FCM'র ফিডমিল পরিদর্শন এবং ভাসমান ফিস ফিড এবং প্রসঙ্গ কথা।*

*শুধুমাত্র যন্ত্রপাতী সরবরাহই নয়, আপনার সাহসী যাত্রার স্বার্থক বাস্তবায়ন করাই আমাদের লক্ষ।*

*আমাদের কাস্টমার কেয়ার এবং ইঞ্জিনিয়ারিং টিম সার্বক্ষণিক আপনাকে সহযোগীতা করতে প্রস্তুত।*

*ধন্যবাদান্তে*
*নিউজ লেটার টিম*

## আমাদের সেবাসমূহঃ

- ☐ প্রকল্প পরিকল্পনা
- ☐ প্রকল্প তৈরী
- ☐ প্রকল্প বাস্তবায়ন
- ☐ প্রকল্প ব্যবস্থাপনা
- ☐ বাজার গবেষণা



Turn-key Feed Mill Project



Environment Controlled House



Poultry Processing



দেশী মুরগীর সঠিক বিকল্প






6th Agro Tech Bangladesh-2016

# FCM আয়োজিত Technical Seminar-2016 "Behind Performance & Profitability in Feed Mill Business"

১৭-১৯ মার্চ, ২০১৬, বারিধারাস্থ আইসিসিবি-তে অনুষ্ঠিত হয় FCM'র টেকনিক্যাল সেমিনার Behind Performance & Profitability in Feed Mill Business। উক্ত সেমিনারের প্রধান অতিথি নারিশ ফিড্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাজমুল আহসান খালেদ-এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন পরিচালক জনাব রফিকুল ইসলাম বাবু। তিনি বলেন, "পোল্ট্রি সেক্টরের উন্নয়নে উৎপাদক প্রতিষ্ঠান থেকে শুরু করে খামারী ভাইদের অবদানের পাশাপাশি আরেকটি শ্রেনী আছে যারা সার্বক্ষণিক পরিশ্রম করে যাচ্ছে যেমন FCM ও চিক্স এন্ড ফিড্স লিঃ, এই শিল্প বিকাশে তাদের অবদানের জন্য তাদের জানাই ধন্যবাদ। আমাদের লক্ষ্য একটি ভালো মুরগী ও ডিম ভোক্তাদের কাছে পৌছায়ে দেওয়া। আর তার জন্য দরকার ভালো ফিড, ব্রিড ও বায়ো সিকিউরিটি। ভালো ফিড পেতে গেলে যেমন ভালো মানের কাঁচামাল দরকার ঠিক তেমনি দরকার ভালো মানের মেশিনপত্র। আর এই ভালো মানের মেশিনপত্রই সরবরাহ করছে FCM ও চিক্স এন্ড ফিড্স লিঃ"।











উক্ত সেমিনারের বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে ন্যাশনাল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আখতার এইচ. বাবুল এবং আর,আর,পি, ফিডমিলের ব্যবস্থাপনা পরিচালক জনাব মনসুর আলম। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চিক্স এন্ড ফিড্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক। তিনি তার প্রবন্ধে নতুন ফিড মিল স্থাপনের জন্য কি কি বিষয়ের দিকে লক্ষ্য রাখা উচিত, কিধরনের ইঞ্জিনিয়ারিং হতে হবে, প্রি-ব্যাচিং নাকি প্রি-গ্রাইন্ডিং ভালো এবং কিভাবে ব্যবহার করলে সর্বোচ্চ উৎপাদন অর্জণ সম্ভব তার বিষদ আলোচনা করেন। তিনি আরো বলেন প্রি-গ্রাইন্ডিং হলে উৎপাদনটা হবে কনটিনিউয়াস অর্থাৎ নিরবিচ্ছিন্ন আর প্রি-ব্যাচিং হলে হবে সর্বদা ব্যাচ টাইপ। ফিডমিল বিষয়ে সরকারী বিভিন্ন নীতিমালা নিয়েও আলোচনা করেন। সবশেষে তিনি অংশগ্রহণকারীগণের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। বিভিন্ন ধরনের ফিড ও এর কার্যকারিতা এবং FCM প্রযুক্তির ক্রমবর্ধমান উন্নয়ন বিষয়ে FCM'র Director Mr. Zhou Jiyu এবং V.G. Manager Mr. Gan Zhengqiang আলোচনা করেন। ২০০৪ সালে FCM'র ফিড মিল ন্যাশনাল গ্রুপে স্থাপিত হওয়ার পর থেকে তার রক্ষণাবেক্ষণ ও উৎপাদন ক্ষমতা সন্তোষ জনক হওয়ায় সবাইকে নির্দ্বিধায় এই কোম্পানীর ফিডমিল স্থাপনের উপদেশ দেন বিশেষ অতিথি ন্যাশনাল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আখতার এইচ. বাবুল।







অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খ্যাতনামা ফিড উৎপাদনকারী প্রতিষ্ঠানের মিল ব্যবস্থাপক ও প্রকৌশলী এবং নতুন ফিডমিল স্থাপনে আগ্রহী উদ্যোক্তাবৃন্দ। তারা ফিডমিল ব্যবস্থাপনার বিভিন্ন কলা-কৌশল, প্রযুক্তির ক্রমবর্ধমান বিকাশ এবং অতিথিবৃন্দের আলোচনায় সন্তুষ্টি প্রকাশ করেন। অংশগ্রহণকারীগণ এধরনের টেকনিক্যাল কনফারেন্স কৃষি শিল্পের সঠিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত দেন এবং ভবিষ্যতে আবারো অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন। মধ্যাহ্ন ভোজ ও উপহার প্রদানের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

MADE IN MALAYSIA

# The Simple, Flexible and Reliable Source for

## Livestock Equipment & Pre-Fabricated Steel Structures

98% of Prefab steel structures & agro - equipment are proudly manufactured by *ASTINO*



Single Storey Building



Double Storey Building



Elevated Slatted Floor Building

## Complete **Solution**

- Single Source Responsibility
- Global Knowledge

We have built our reputation by designing, engineering and manufacturing quality, yet affordable pre-fabricated steel structures all over the region.

ASTINO®
*The Symbol of Quality*

Manufactured by :

**ASTINO AGRO-HOUSE MULTI SYSTEM SDN.BHD.**
E-mail :agro-house@astino.com.my
http://www.astino.com.my

CHICKS & FEEDS®
Total Agro-Industrial Solution

Distributor for Bangladesh :

**CHICKS & FEEDS LTD.**
E-mail: info@cknfeeds.com
www.cknfeeds.com



# 6th Agro Tech Bangladesh-2016

## চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ এবং তার গ্লোবাল পার্টনার FCM ও S.T.Appiani'র অংশগ্রহণ

মার্চ ১৭ থেকে ১৯, ২০১৬ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, বারিধারা, ঢাকায় অনুষ্ঠিত হল কৃষি প্রযুক্তি প্রদর্শণী মেলা ৬ষ্ঠ এগ্রোটেক বাংলাদেশ-২০১৬। উক্ত মেলায় খ্যাতনামা দেশী কোম্পানীর সাথে অনেক বিদেশী কোম্পানীও অংশগ্রহণ করে। চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ এবং তার গ্লোবাল পার্টনার FCM ও S.T.Appiani এই মেলায় অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জনাব মোঃ মসিউর রহমান রাঁঙ্গা এমপিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ স্টলগুলো পরিদর্শণ করেন এবং কার্যক্রম সম্পর্কে অবহিত হন। চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক, FCM'র পরিচালক Mr. Zhou Jiyu এবং S.T.Appiani'র কর্ণধার Mr. Salvatore Appiani তাদের নিজ নিজ কোম্পানীর পরিচিতি বর্ণনা দেন। তিনদিনই দর্শণার্থীদের পদচারনায় মুখরিত ছিল মেলা প্রাঙ্গণ। আগত দর্শনার্থীদের নিকট বাড়তি আকর্ষন ছিল FCM'র "জিতে নিন-Premio" অফারটি। মোট ১০টি প্রিমিও গাড়ীর বিশাল বহর নিয়ে মেলায় FCM এই কার্যক্রম পরিচালনা করে। মেলায় যারা ফিড মিল করার জন্য চুক্তি স্বাক্ষর করেন তাদের জন্য এই অফার। মেলার শেষ দিন Premio চাবি তুলে দেওয়া হয় Premio বিজয়ীদের হাতে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক, FCM'র Director Mr. Zhou Jiyu এবং V.G. Manager Mr. Gan Zhengqiang এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এছাড়াও মেলা প্রাঙ্গনে প্রদর্শিত হয় ঘন্টায় ২০ টন উৎপাদন ক্ষমতার একটি পিলেট মিল। চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ'র সকল কর্মকর্তা মেলায় আগত দর্শণার্থীদের সার্বক্ষণিক প্রকল্প বিষয়ক তথ্য প্রদান করেন। দর্শণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং কিভাবে প্রজেক্ট করলে তারা লাভবান হবেন এই পরামর্শ দেন।





মেলার দ্বিতীয় দিনে "Behind Performance & Profitability in Feed Mill Business" বিষয়ক টেকনিক্যাল সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারের প্রধান অতিথি ছিলেন নারিশ ফিড্‌স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব নাজমুল আহসান খালেদ-এর পক্ষ থেকে পরিচালক জনাব রফিকুল ইসলাম বাবু, বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে ন্যাশনাল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আখতার এইচ. বাবুল এবং আরআরপি ফিড মিলের ব্যবস্থাপনা পরিচালক জনাব মনসুর আলম। চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক ফিড মিল করার জন্য কি কি বিষয় নিয়ে ভাবা উচিত এবং কি কি কারণে উৎপাদন কম হয় সেই বিষয়ে বিশদ তথ্যবহুল প্রবন্ধ উপস্থাপন করেন। FCM'র Director Mr. Zhou Jiyu এবং V.G. Manager Mr. Gan Zhengqiang FCM'র চলমান গবেষনা ও মাঠপর্যায়ে অর্জিত অভিজ্ঞতা কিভাবে ফিড মিল প্রযুক্তির উৎকর্ষতার অবদান রাখছে তার আলোকপাত করেন এবং আলোচনা শেষে মুক্ত প্রশ্নত্তর পর্বে তারা বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন দেশের খ্যাতনামা ফিড উৎপাদনকারী প্রতিষ্ঠানের মিল ব্যবস্থাপক ও প্রকৌশলীবৃন্দ





মেলার সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব তোফায়েল আহমেদ এমপি। তিনি মেলার সকল স্টল পরিদর্শণ করেন এবং চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ ও তাদের গ্লোবাল পার্টনারদের বিভিন্ন প্রেজেন্টেশন দেখেন। ৬ষ্ঠ এগ্রোটেক বাংলাদেশ-২০১৬-এ "Extra Ordinary Performance"-এর কারণে চিক্‌স এন্ড ফিড্‌স লিঃ দ্বিতীয় স্থান লাভ করে এবং কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক প্রধান অতিথির কাছ থেকে ক্রেস্ট গ্রহণ করেন।

6th Agro Tech Bangladesh-2016

## FCM'র "জিতে নিন-Premio"




মার্চ ১৭-১৯,২০১৬ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, বারিধারা, ঢাকায় অনুষ্ঠিত হল কৃষি প্রযুক্তি প্রদর্শণী মেলা ৬ষ্ঠ এগ্রোটেক বাংলাদেশ-২০১৬। আগত দর্শনার্থীদের নিকট বাড়তি আকর্ষন ছিল FCM'র "জিতে নিন-Premio" অফারটি। মোট ১০টি প্রিমিও গাড়ীর বিশাল বহর নিয়ে মেলায় FCM এই কার্যক্রম পরিচালনা করে। মেলার শেষ দিন Premio চাবি তুলে দেওয়া হয় Premio বিজয়ীদের হাতে। জনাব জাহিদুল ইসলাম ফারুক, ব্যবস্থাপনা পরিচালক, এগ্রো মাল্টি প্রসেস লিমিটেড, জিতে নেন একটি Premio গাড়ী। চিক্স এন্ড ফিড্স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক, FCM'র Director Mr. Zhou Jiyu এবং V.G. Manager Mr. Gan Zhengqiang উপস্থিতিতে তার হাতে চাবি তুলে দেন।

## প্রাইম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ফিড মিল ইউনিট-২

বগুড়াস্থ প্রাইম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড FCM সাথে তাদের নতুন ফিড মিল ইউনিট-২ এর জন্য চুক্তিবদ্ধ হয়েছে। ঘন্টায় ৭-৯ টন উৎপাদন ক্ষমতার এই প্রস্তাবিত ফিড মিলে পোল্ট্রি ও ফিস ফিড উৎপাদিত হবে। প্রাইম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.টি.এম শাফিকুল হাসান (জুয়েল)-এর হাতে চিক্স এন্ড ফিড্স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক,FCM'র Director Mr. Zhou Jiyu এবং V.G. Manager Mr. Gan Zhengqiang "জিতে নিন Premio" অফারের গাড়ীর চাবি তুলে দেন।



## বাংলাদেশে স্থাপিত FCM'র ফিডমিল পরিদর্শন



চিক্স এন্ড ফিড্স লিঃ'র ব্যবস্থাপনা পরিচালক জনাব এখলাসুল হক, FCM'র Director Mr. Zhou Jiyu ও V.G. Manager Mr. Gan Zhengqiang সহ অন্যান্য কর্মকর্তাদের সাথে বাংলাদেশে স্থাপিত তাদের নতুন ও পুরাতন ফিডমিলগুলি পরিদর্শন করেন। বগুড়ায় নারিশ এগ্রো লিমিটেডের ফিড মিল, প্রাইম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ফিড মিল, নাটোরে গোল্ডেন পোল্ট্রি এন্ড ফিস ফিড লিমিটেডের নির্মানাধীন ফিড মিল, রাজশাহীতে বাংলা ফিড মিল, ঢাকার ধামরাইতে কুলসুম ফিড মিল, যশোরের আফিল ফিড মিল, সাতক্ষীরা ফিড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ফিড মিল এবং ঝালকাঠিতে প্রস্তাবিত সুগন্ধা ফিড মিল পরিদর্শন করেন।










# FCM

**Reliable** **User Friendly** **Robust**

Manufactured by :
**JIANGSU FIVE CONTINENTS MACHINERY CO., LTD.**
E-mail: fcm@fcm-cn.com; www.fcm-cn.com

## Our valued Customers :

- Afil Agro Ltd.
- Bangla Feed Mill Ltd.
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Pocha Feed Ltd.
- Prime Agro Industries Ltd.
- Raj Quality Feed Mill Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- *SKPF*

*and many more...*

CHICKS & FEEDS®
Total Agro-Industrial Solution
**CHICKS & FEEDS LTD.**
E-mail: info@cknfeeds.com
www.cknfeeds.com

Customer Care: 017 CKNFEEDS 25633337




# ভাসমান ফিস ফিড এবং প্রসঙ্গ কথা

বাংলাদেশে ভাসমান ফিস ফিড (Floating Fish Feed) প্রচলন গত কয়েক বছরে অনেক দূর এগিয়ে গেছে। প্রচলিত ডুবন্ত ফিডের চাহিদার পাশাপাশি ভাসমান ফিডের চাহিদা প্রতিনিয়তই বেড়ে চলেছে। ২০০১ সালে রুপসী ফিস ফিড মিল বাংলাদেশে প্রথম ভাসমান ফিডের যাত্রা শুরু করে। শুরুর দিকে খামারীদের ভিতর ভাসমান ফিডের প্রভাব তেমন পরেনি। পরবর্তীকালে ২০০৬ সালে মেগা ফিড একটু বড় পরিশরে শুরু করে ভাসমান ফিডের বাজারজাত করন যা ক্রমান্নয়ে খামারীদের আগ্রহী করে। ২০০৭ সালে আফিল ফিড লিঃ তাদের ভাসমান ফিড মিল প্লান্ট শুরু করে যা থেকে উৎপাদিত ফিড একান্তই নিজস্ব খামারে ব্যবহৃত হতো। একে একে আফতাব, প্যারাগন, নারিশ, এসএমএস, কৃষিবিদ গ্রুপ, বিশ্বাস গ্রুপ ভাসমান ফিড মিল প্লান্ট স্থাপন করে। বর্তমানে প্রায় প্রতিটি ফিডমিল কোম্পানীই ডুবন্ত ফিডের পাশাপাশি ভাসমান ফিড তৈরি করছেন বা তৈরী করার কথা ভাবছেন। ভাসমান ফিড তৈরীর ক্ষেত্রে অনেকের অভিজ্ঞতা ভালো আবার সঠিকভাবে মেশিনপত্র নির্বাচন করতে না পারায় অনেকেরই অভিজ্ঞতা তিক্ত। এজন্য নতুন উদ্যোক্তাদের জন্য ভাসমান ফিস ফিড উৎপাদন করার আগে কি কি বিষয়ে বিবেচনা করতে হবে, তার উপর আমাদের এই আলোচনা।

ফিস ফিড দু'রকম হয়ে থাকে। প্রথমটি পিলেটেড (Pelleted) ফিড ও দ্বিতীয়টি এক্সট্রুডেড (Extruded) ফিড, যা আমাদের দেশে ফ্লোটিং ফিড নামে অধিক পরিচিত।

প্রকৃত পক্ষে এক্সট্রুডেড ফিড ভাসমান, ডুবন্ত বা ধীর গতিতে ডুবন্ত (Slow Sinking) হতে পারে। তাই এক্সট্রুডার শুধু ভাসমান ফিডের জন্যই না বরং ডুবন্ত বা ধীর গতিতে ডুবন্ত (Slow Sinking) এর জন্য হতে পারে।



একটু পর্যালোচনা করে দেখা যেতে পারে ভাসমান ফিডের ধারনা কি কারণে তৈরি হয়ঃ

প্রকৃতিগত ভাবেই বিভিন্ন প্রজাতির মাছ পানির বিভিন্ন স্তরে বিচরন করে। সাধারনত মাছ পানির যে স্তরে বিচরন করে সে স্তরেই তাদের খাবার প্রয়োজন হয়। পূর্বে প্রাকৃতিক নিয়মে মাছের প্রজনন ও বৃদ্ধির জন্য প্রাকৃতিক খাবার পর্যাপ্ত ছিল। কিন্তু বর্তমানে চাষের পুকুরে মাছের ঘনত্ব বেশি থাকায় মাছের প্রজনন ও বৃদ্ধির জন্য দরকারী খাবার মূলতঃ বাইরে থেকেই সরবরাহ করতে হয়। ক্ষুধার্ত মাছ তার খাদ্যের জন্য পুকুরের বিভিন্ন স্তরে বিচরন করে। সেক্ষেত্রে ডুবন্ত ও ভাসমান খাবারই চাষের পুকুরে প্রয়োগ করা যায়।

তবে ভাসমান খাবারের কিছু বৈশিষ্ট্য যা ডুবন্ত খাবারের থেকে ভিন্নতর, যেমন- মাছের পরিপাকতন্ত্র ক্ষুদ্র ও পরিপাক প্রক্রিয়া স্বল্প মেয়াদী হওয়ায় মাছের জন্য হালকা খাদ্য অধিক উপযোগী। হালকা খাবার দ্রুত পরিপাক প্রক্রিয়ার মাধ্যমে মাছের ওজন বৃদ্ধিতে সাহায্য করে। মূলতঃ এই ধারনা থেকেই শুরু হয় এক্সট্রুডেড ফিড টেকনোলজির বিকাশ। সাধারনত ডুবন্ত ফিডে স্টার্চের পরিমান শতকরা ১০ ভাগ হয়ে থাকে অন্যদিকে এক্সট্রুডেড ফিডে কমপক্ষে শতকরা ২০ ভাগ হয় যা তুলনামুলকভাবে মাছের পুষ্টি এবং বৃদ্ধিতে অধিক সহায়ক হয়।

আবার চিংড়ি খাদ্য বিষয়ে বলা যায়, ভাসমান ফিড চিংড়ির জন্য নয়, কারণ তারা পানির সর্বনিম্ন স্তরে বিচরন করে। চিংড়ি খাদ্য সবসময়ই ডুবন্ত হওয়া বাঞ্চনীয়। আমাদের দেশে চিংড়ি খাদ্য পিলেট মেশিন থেকেই তৈরি হয়। অনেকেরই জানা নেই যে চিংড়ির ডুবন্ত খাদ্য এক্সট্রুডার থেকেও তৈরি হতে পারে। এক্সট্রুডার থেকে চিংড়ির ডুবন্ত খাদ্য তৈরি করা হলে অধিক স্টার্চের পরিমান ও পানিতে দীর্ঘক্ষণ স্থায়ীত্বের কারণে চিংড়ি একদিকে যেমন পরিপূর্ণভাবে খাদ্য গ্রহণ করতে পারে, অন্যদিকে খাদ্যগুণ এবং খাদ্য রূপান্তরের হার অধিক হওয়ায় খুব তাড়াতাড়ি বেড়ে ওঠে। তবে এটি বলাই বাহুল্য এক্সট্রুডার থেকে তৈরি চিংড়ি খাদ্য সাধারন খাদ্যের তুলনায় ব্যয়বহুল। আয় ও ব্যয়ের বিশ্লেষন করলে দেখা যাবে এক্ষেত্রেও এক্সট্রুডেড ফিডের ব্যবহার খামারীদের জন্য লাভজনক।

পিলেটেড এবং এক্সট্রুডেড ফিডের বিশেষ পার্থক্য হচ্ছে, পিলেটেড খাদ্য পানিতে খুব বেশী স্থায়ী হয়না বলে খাদ্যের অপচয় বেশি হয়, অপরদিকে পানিতে এক্সট্রুডেড খাদ্যের স্থায়ীত্ব বেশী হওয়ায় এর কোন অপচয়ই হয় না।

একজন নতুন উদ্যোক্তা হিসেবে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনায় আনা উচিতঃ

১. বাজার পর্যালোচনা।

২. বর্তমান উৎপাদন ও চাহিদা এবং অনুমেয় ভবিষ্যৎ চাহিদা।

৩. এক্সট্রুডেড ফিড উৎপাদনের মেশিনপত্রের দাম বেশি হওয়ায় তুলনামুলকভাবে প্রকল্পের খরচ বৃদ্ধি পাবে, সংগত কারণে নতুন উদ্যোক্তাদের ফিড বিক্রয়ের কথা বিবেচনায় নিয়ে প্রকল্পের উৎপাদন ক্ষমতা ও বিনিয়োগের পরিমান বিবেচনা করা উচিত।

৪. সাধারন পিলেটেড খাবারের তুলনায় এক্সট্রুডার খাদ্য তৈরী অনেক বেশী জটিল, ফলে বাস্তবে অনেকক্ষেত্রে ফিডের উৎপাদন লক্ষ্যমাত্রার থেকে কম হয়। একারণে সম্পূর্ণ প্রক্রিয়াটিকে ভালোভাবে বুঝে মেশিনের উৎপাদন ক্ষমতা নির্ধারন করতে হবে।

৫. ফিডমিলের মেশিনপত্র সরবরাহের জন্য দেশী বিদেশী বিভিন্ন কোম্পানী আছে, তবে তাদের প্রস্তাবিত মেশিনপত্র যাচাই বাছাই করে সঠিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৬. দেশে বিভিন্ন কোম্পানীর সচল ফিডমিল পরিদর্শন এবং প্রয়োজনে বিদেশ ভ্রমণ করে নতুন নতুন টেকনোলজি সম্পর্কে জেনে বুঝে সিদ্ধান্ত নিতে হবে।

৭. একটি ফিড মিলের জন্য একাধিক কোম্পানীর মেশিনের সমন্বয় একসাথে করা উচিত নয়, আমাদের অভিজ্ঞতায় দেখেছি পৃথিবীর বিভিন্ন কোম্পানী থেকে বিভিন্ন ভাল মেশিনপত্র একসাথে করার পরেও নিয়ন্ত্রন ব্যবস্থা ভালো না হলে সমন্বয়টা ভালো হয় না, ফলে কাঙ্খিত উৎপাদন পাওয়া যায় না এবং কোন কোম্পানীও এককভাবে এর দায়িত্ব নিতে চায়।

৮. মেশিন কেনার আগে বিক্রয়ত্তোর সেবা কতোটুকু পাওয়া যাবে এবং তার জন্য কি পরিমান মূল্য দিতে হবে তা অবশ্যই দেখে নেয়া উচিত।

৯. মেশিনের কর্মক্ষমতা, বিক্রয়ত্তোর সেবা ও ওয়ারেন্টি সম্পর্কে ফিডমিলারদের সন্তুষ্টির বিষয়ে তথ্য সংগ্রহ করা উচিত।




বর্ষ-০৩ সংখ্যা-০৫ মে ২০১৬

## Our Global Partners:

**FCM, China**
Turn-key Feed Mill Project

**AGI, Canada**
Grain Handling and Storage Silo

**ASTINO, Malaysia**
Environment Controlled House & Equipment

**SASSO, France**
The World's Largest Choice of Coloured Breeders

**Meyn, Netherland**
Poultry Processing Solution

**V-Cons Group, Belgium**
Cattle & Sheep Slaughterlines and Cutting Plants

**Studio Tecnico Appiani, Italy**
Modern Rice Mill and
Parboiling Gariboldi Technology

## Our valued Customers :

- Afil Agro Ltd.
- AG Agro Industries Ltd.
- Bangla Feed Mill Ltd.
- CSD, Bangladesh Army
- Golden Poultry & Fish Feeds Ltd.
- Gram Bangla Poultry & Fish Feed Ltd.
- Index Agro Industries Ltd.
- Keari Poultry & Hatchery Ltd.
- Kazi Farms Group
- Nahar Agro Group
- National Group
- Nourish Poultry & Hatchery Ltd.
- Paragon Agro Ltd.
- Perfect Agro Complex Ltd.
- Pocha Feed Ltd.
- Prime Agro Industries Ltd.
- Provita Feed Ltd.
- Raj Quality Feed Mill Ltd.
- RRP Feed Mill
- Satkhira Feed Industries Ltd.
- *SKPF*

*and many more...*

**সাশ্রয়ী ইলেক্ট্রিকাল কন্ট্রোল প্যানেল**



**Central Control Panel, LT Panel, PLC Control Panel এবং All Electrical Solution**
**যোগাযোগ-**
**ইঞ্জিনিয়ারিং টিম**
Chicks & Feeds Limited

অফিসঃ বাসা-০৮, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোনঃ + ৮৮০ ২ ৯১২ ১২০৫-০৬, ৯১২ ১৪৫৬, ০১৭১১ ২৬২৩৯৪
Customer Care: 017 CKNFEEDS 25633337